পশ্চিমবঙ্গ সরকার
প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিকের করণ
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ, মুর্শিদাবাদ।
বহরমপুর, মুর্শিদাবাদ।

বিজ্ঞপ্তি:

এতদ্দ্বারা সকলের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, মুর্শিদাবাদ জেলা অনগ্রসর সম্প্রদায় কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ কর্তৃক পরিচালিত (১) তপঃজাতি কেন্দ্রীয় ছাত্রাবাস বহরমপুর, জয়চাঁদ রোড (লিপিকা মেমোরিয়াল বালিকা বিদ্যালয়ের নিকট) খাগড়া, মুর্শিদাবাদ, তপঃজাতি ছাত্রদের (২) তপঃজাতি কেন্দ্রীয় ছাত্রীনিবাস, বিমল সিনহা রোড, বহরমপুর, মুর্শিদাবাদ, অবস্থিত ছাত্রীনিবাসে তপঃজাতি ছাত্রীদের এবং (৩) অন্যান্য অনগ্রসর শ্রেণী কেন্দ্রীয় ছাত্রাবাস ফরাক্কা (প্রফেসর নুরুল হাসান কলেজে অবস্থিত) ফরাক্কা, মুর্শিদাবাদ এ অন্যান্য অনগ্রসর শ্রেণী ছাত্রদের নিকট হইতে ২০২৩-২০২৪, শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন পত্র আহ্বান করা হইতেছে। সকল ক্ষেত্রে (পোষ্ট ম্যাট্রিক স্টেজের) কেবল বিজ্ঞান, কলা ও বাণিজ্য বিভাগের উপযুক্ত ছাত্র ও ছাত্রীদের নিকট হইতে দ্বিতীয়বার আবেদনপত্র আহ্বান করা হইতেছে।

আবেদনকারীকে ফর্মে বর্ণিত তথ্যাদিসহ পূরণ করা আবেদন পত্র ~~০৫~~ ১০/০৭/২০২৩ **তারিখ হইতে ২১/০৭/২০২৩ তারিখ, বিকাল ৪:৩০ এর মধ্যে** বহরমপুর প্রশাসনিক ভবনের ৩০৬ নং ঘরে রক্ষিত বাক্সে ফেলিতে হইবে এবং অন্যান্য অনগ্রসর শ্রেণী কেন্দ্রীয় ছাত্রাবাস ফরাক্কা এর আবেদনপত্র সমষ্টি উন্নয়ণ আধিকারিকের করণ ফরাক্কা এর আফিসে জমা দিতে হইবে। ভুল অথবা অসম্পূর্ন আবেদনপত্র বাতিল বলে গণ্য হইবে। নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা পরে আফিসের নোটিশবোর্ডে টাঙানো হইবে।

বিঃ দ্রঃ-- সরকারী আদেশনামা স্বারক সংখ্যাঃ 437/ BCWTD(H) Dt. 20.05.2022, অনুযায়ী উপরোক্ত তপঃজাতি ছাত্রাবাস ও ছাত্রীনিবাসের শূন্য আসনগুলি পুরণের জন্য প্রথম বিজ্ঞপ্তিতে কেবলমাত্র তপঃজাতি ছাত্র ও ছাত্রীগণ আবেদন পত্র জমা দিতে পারবেন।

আবেদন পত্র পুরণের জন্য নিম্নলিখিত শর্তাবলী প্রযোজ্য:

১) আবেদনকারীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হইতে হইবে।

২) অভিভাবকের সর্বাধিক বাৎসরিক আয় ভারত সরকারের আদেশনামা নং - ১১০৭০/০১/২০০৮- এস সি ডি ভি (ভলুম-III), তারিখ -২৯।০৪।২০১৩, অনুসারে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার)টাকার **মধ্যে হইতে হইবে । অভিভাবকের বাৎসরিক** আয়ের শংসাপত্র আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে। চাকুরীজীবিদের ক্ষেত্রে সংশ্লিষ্ট আধিকারিকের প্রদান করা আয়ের শংসাপত্র আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।

৩) সরকার কর্তৃক প্রদত্ত তপঃজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী শংসাপত্রের প্রত্যয়িত নকল আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।

৪) শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির রশিদ - এর প্রত্যয়িত নকল আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।

৫) মাধ্যমিকের অ্যাডমিড কার্ড, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও সর্বশেষ পরীক্ষার মার্কসিট, আধার কার্ড, ব্যাংক এ্যাকাউন্ট এর প্রথম পাতার প্রত্যয়িত নকল আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।

বিঃ দ্রঃ পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক নির্ধারিত তপঃজাতি/ আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণী ছাত্রদের হোস্টেলে থাকার সুযোগ সুবিধা ও নিয়ম কানুন প্রযোজ্য হইবে । ছাত্রাবাস ও ছাত্রীনিবাসে ভর্তির আবেদন পত্র প্রশাসনিক ভবনের ৩০৬ নং ঘর এবং অন্যান্য অনগ্রসর শ্রেণী ছাত্রাবাসের জন্য সমষ্টি উন্নয়ণ আধিকারিকের করণ, ফারাক্কা হইতে সংগ্রহ করা যাইবে অথবা নোটিশ বোর্ডে টাঙ্গানো নিদর্শ হইতে সংগ্রহ করা যাইবে।

আদেশানুসারে

প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিক
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ, মুর্শিদাবাদ।
বহরমপুর, মুর্শিদাবাদ।

MemoNo. 937 /1(47) BCW / MSD
Dt. ~~05~~ 10.07.2023.

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল ঃ-

১। মাননীয় সভাধিপতি, মুর্শিদাবাদ জেলা পরিষদ। বহরমপুর, মুর্শিদাবাদ।

২-৬। মহাকুমা শাসক (সকল), বহরমপুর সদর- কান্দি - লালবাগ - ডোমকল ও জঙ্গিপুর, মুর্শিদাবাদ।

৭-১৪। মাননীয় পৌরপতি (সকল), ডোমকল পৌরসভা/ বহরমপুর পৌরসভা/ বেলডাঙ্গা পৌরসভা/ মুর্শিদাবাদ পৌরসভা/ জিয়াগঞ্জ আজিমগঞ্জ পৌরসভা/ জঙ্গিপুর পৌরসভা/ ধুলিয়ান পৌরসভা - ও কান্দি পৌরসভা কে বিজ্ঞপ্তির অনুলিপি নিজ নিজ এলাকার উচ্চমাধ্যমিক বিদ্যালয় এবং মহাবিদ্যালয় গুলিতে প্রচার ও অবগতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানানো যাইতেছে।

১৫। কর্মাধ্যক্ষ (শিক্ষা, সংস্কৃতি, তথ্য ও ক্রীড়া স্থায়ী সমিতি), মুর্শিদাবাদ জেলা পরিষদ, বহরমপুর, মুর্শিদাবাদ কে অবগতি ও প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

১৬-৪১। সমষ্টি উন্নয়ন আধিকারিক (সকল), ... পোঃ- .... জেলা : মুর্শিদাবাদ কে অবগতি ও প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

৪২। জেলা প্রকল্প আধিকারিক, (সর্বশিক্ষা মিশন) মুর্শিদাবাদ। বহরমপুর, মুর্শিদাবাদ কে অবগতি ও প্রয়োজনীয় প্রচারের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

৪৩। জেলা স্কুল শিক্ষা পরিদর্শক, মুর্শিদাবাদ। বহরমপুর, মুর্শিদাবাদ, কে অবগতি ও প্রয়োজনীয় প্রচারের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

৪৪। জেলা তথ্য সংস্কৃতি দপ্তর, মুর্শিদাবাদ, কে অবগতি ও প্রয়োজনীয় প্রচারের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

৪৫। আপ্ত সহায়ক, জেলা শাসক ও জেল সমাহর্তা, মুর্শিদাবাদ এর গোচরে আনার জন্য অনুরোধ করা হইতেছে।

৪৬। আপ্ত সহায়ক, অতিরিক্ত জেলা সমাহর্তা (উন্নয়ন) মুর্শিদাবাদ এর গোচরে আনার জন্য অনুরোধ করা হচ্ছে।

৪৭। জেলা তথ্যবিজ্ঞান আধিকারিক, জাতীয় তথ্যবিজ্ঞান কেন্দ্র, মুর্শিদাবাদ কে অবগতি ও প্রয়োজনীয় প্রচারের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিক
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ, মুর্শিদাবাদ।
বহরমপুর, মুর্শিদাবাদ।

10/07/2022